রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, এপ্রিল ২৩, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৮ বৈশাখ, ১৪৩৩/২১ এপ্রিল, ২০২৬

**নং ০৩.৪৫.২৬৯০.০৭০.০৬.০০৭.২০২৬-৪৪**—দেশব্যাপী স্বাস্থ্যসেবার ডিজিটাল রূপান্তর ত্বরান্বিতকরণ, নাগরিকদের জন্য একটি ইউনিক হেলথ আইডি নিশ্চিতকরণ এবং প্রাথমিক, মাধ্যমিক ও তৃতীয় পর্যায়ের স্বাস্থ্যসেবার মধ্যে সমন্বিত তথ্য বিনিময় ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে জাতীয় ই-হেলথ কার্ড সিস্টেমের আর্কিটেকচার ডিজাইন, প্রযুক্তিগত কাঠামো ও বাস্তবায়ন রোডম্যাপ প্রণয়নের জন্য নিম্নোক্তভাবে কমিটি পুনর্গঠন করা হলো :

| | | | |
|---|---|---|---|
| ০১. | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | : | সভাপতি |
| ০২. | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য সচিব |
| ০৩. | সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ | : | সদস্য |
| ০৪. | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| ০৫. | ড. জিয়াউদ্দিন হায়দার, বিএনপির চেয়ারপারসনের উপদেষ্টা এবং সাবেক সিনিয়র হেলথ স্পেশালিস্ট, ওয়ার্ল্ড ব্যাংক | : | সদস্য |
| ০৬. | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | : | সদস্য |
| ০৭. | মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর | : | সদস্য |
| ০৮. | মহাপরিচালক, তথ্য প্রযুক্তি অধিদপ্তর | : | সদস্য |
| ০৯. | মহাপরিচালক, জাতীয় পরিচয় পত্র নিবন্ধন অনুবিভাগ, বাংলাদেশ নির্বাচন কমিশন | : | সদস্য |


**মূল্য ঃ** টাকা ৪.০০

**কমিটির কার্যপরিধি**

(ক) জাতীয় ই-হেলথ কার্ড সিস্টেমের সামগ্রিক ডিজিটাল আর্কিটেকচার ও প্রযুক্তিগত কাঠামো নির্ধারণ করা;

(খ) ই-হেলথ কার্ড, ই-রেফারেল সিস্টেম ও সমন্বিত রোগী ব্যবস্থাপনা ব্যবস্থা পদ্ধতি চালুকরণ এবং এদের মধ্যে আন্তঃসংযোগ কাঠামো নির্ধারণ করা;

(গ) জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন, স্বাস্থ্য তথ্য ব্যবস্থা (DHIS2), হাসপাতাল ব্যবস্থাপনা সিস্টেমসহ অন্যান্য প্রাসঙ্গিক সরকারি ডাটাবেজের সাথে ইন্টারঅপারেবিলিটি কাঠামো নির্ধারণ করা;

(ঘ) তথ্য নিরাপত্তা, গোপনীয়তা ও ব্যক্তিগত স্বাস্থ্য তথ্য সুরক্ষার জন্য প্রযুক্তিগত ও নীতিগত মানদণ্ড প্রণয়ন করা;

(ঙ) ই-হেলথ কার্ড সিস্টেম বাস্তবায়নের জন্য ধাপে ধাপে বাস্তবায়ন রোডম্যাপ, সময়সূচি ও দায়িত্ব বণ্টন প্রণয়ন করা;

(চ) পাইলট প্রকল্প বাস্তবায়নের জন্য উপযুক্ত জেলা ও স্বাস্থ্য প্রতিষ্ঠান নির্বাচন সংক্রান্ত সুপারিশ প্রদান করা;

(ছ) কমিটি ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সরকারের নিকট একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবে; এবং

(জ) প্রয়োজনবোধে কমিটি যে কোনো বিশেষজ্ঞ বা প্রতিনিধিকে কো-অপ্ট করতে পারবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**হাবিবুল হাসান**
পরিচালক-৩ (প্রতিকল্প)।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd